

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী  
(ত্রাণ ও পুনর্বাসন শাখা)  
www.feni.gov.bd

স্মারক নম্বর:- ৫১.০১.৩০০০.০০০.৪১.১৮১.২৫. ৫০

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২  
০৬ মার্চ ২০২৬

বিষয়: ২০২৫-২০২৬ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম এর অনুকূলে ২য় কিস্তির বরাদ্দকৃত নগদ অর্থ উপ-বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

সূত্র: বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম মহোদয়ের কার্যালয়ের স্মারক নং-০৫.৪২.২০০০.০৩১.২৯.০০৩.২৫-২৫, তারিখ: ০১ মার্চ ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ২০২৫-২০২৬ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় বিভাগীয় কমিশনার চট্টগ্রাম হতে প্রাপ্ত ২য় কিস্তিতে জেলা প্রশাসক, ফেনী এর অনুকূলে ৯,৩৭,৫০০/- (নয় লক্ষ সাতত্রিশ হাজার পাঁচশত) টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত টাকা দ্বারা নিম্নবর্ণিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য উল্লিখিত পরিমাণ নগদ অর্থ শর্তসাপেক্ষে উপজেলা নির্বাহী অফিসার, ফেনী সদর, ফেনী এর অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

ক্রম	জেলা নাম	উপজেলার নাম	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ নগদ অর্থ (টাকা)
১	ফেনী	ফেনী সদর	ফেনী শিশু নিকেতন কালেক্টরেট স্কুলের মাঠ ভরাট ও উন্নয়ন	২,০০,০০০/- টাকা
২	ফেনী	ফেনী সদর	জেলাপ্রশাসকের কার্যালয়ের সার্বিক নিরাপত্তায় সিসিটিভি স্থাপন এবং উচ্চগতির ইন্টারনেট ব্যবস্থায় উন্নীতকরণ	৩,৫০,০০০/- টাকা
৩	ফেনী	ফেনী সদর	ফেনী সদর উপজেলা কমপ্লেক্স জামে মসজিদ সংস্কার ও উন্নয়ন	১,২৭,৫০০/- টাকা
৪	ফেনী	ফেনী সদর	শাহ সুলতান শিশু একাডেমী স্কুল ভবন সংস্কার	১,৩০,০০০/- টাকা
৫	ফেনী	ফেনী সদর	আদর্শ নুরানী ও হাফেজিয়া মাদ্রাসার ভবন সংস্কার	১,৩০,০০০/- টাকা
সর্বমোট (নয় লক্ষ সাতত্রিশ হাজার পাঁচশত) টাকা				৯,৩৭,৫০০/- টাকা

শর্তাবলী:

- ১। এ ব্যয় ২০২৫-২০২৬ অর্থবছরের বাজেট কোড নং ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ (ibas++কোড ১৪৯০১০১-১২০০০১৯০ ৪০০০০০০-৩৭২১১০১) খাত হতে নির্বাহ করা হবে এবং নির্দিষ্ট মেয়াদের মধ্যে প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন করতে হবে;
- ২। এ কর্মসূচির অর্থ ব্যয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সর্বশেষ জারীকৃত “গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর খাদ্যস্যা/নগদ টাকা) কর্মসূচি নির্দেশিকা ২০২১” এর সংশোধনীসহ সকল বিধি বিধান/পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- ৩। প্রস্তাবিত টাকা সরেজমিনে পরিদর্শনপূর্বক বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে;
- ৪। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ৫। প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;
- ৬। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসির সভাপতি করতে হবে;
- ৭। এ কর্মসূচির বিপরীতে প্রকল্প গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়ন আগামী ৩১ মার্চ ২০২৬ খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে এবং কোনক্রমেই এ সময় বৃদ্ধি করা হবে না;
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, ফেনী সদর, ফেনী কর্তৃক সরেজমিনে পরিদর্শনপূর্বক রিপোর্ট নির্ধারিত সময়ের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।

  
০২/০৬/২৬

মনিরা হক  
জেলা প্রশাসক  
ফেনী

ফোন: ০২৩৩৪৪৭৪০০০

ই-মেইল: dcfeni@mopa.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার  
ফেনী সদর, ফেনী।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম;
- ২। উপপরিচালক (কাবিখা-২), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা;
- ৩। জেলা একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, ফেনী;
- ৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফেনী সদর, ফেনী;
- ৫। উপজেলা একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, ফেনী সদর, ফেনী।